

বিসিএস পরীক্ষার বই তালিকা (প্রিলি পাশ করতে যে বইগুলো পড়তে হবে)

বিসিএস পরীক্ষা ৩ টি ধাপে হয়। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের সংখ্যা কমানো হয়। তার পরে লিখিত ও ভাইভা পরীক্ষার মাধ্যমে বিসিএস ক্যাডার নিয়োগ দেয়া হয়। **বিসিএস প্রস্তুতি** মানে সারা দিন বইয়ে মুখ গুঁজে থাকা নয়। কিংবা বেশি বই কিনা নয়। বরং প্রিলির স্লোগান হলো - বই কম, পড়া বেশি।

এক বিষয়ে একটি বই ই যথেষ্ট। এক বিষয়ে ১০টি বই ১ বার পড়ার চেয়ে, ঐ বিষয়ে ১টি বই ১০ বার পড়া উত্তম। প্রিলি প্রস্তুতি শুরু করতে প্রার্থীরা প্রথমেই বুক লিস্ট খুঁজেন। কেউ বড় ভাইদের জিজ্ঞেস করেন। কেউবা বিগত বিসিএস এ ১ম, ২য়, ৩য় হওয়া ক্যাডারদের বুকলিস্ট ফলো করেন। এভাবে ২-৩ জায়গা থেকে বইয়ের সাজেশন হয়ে যায় হযবরল। তখন শুরু হয় কনফিউশান। অমুক বিসিএস এ ফার্স্ট হওয়া ক্যাডারের বুক লিস্ট ফলো করবো? নাকি পাড়ার বড় ভাইয়ের কথামতো বই কিনব?

সবার সাজেশন ফলো করতে গিয়ে ২-৩ সেট বই কিনা হয়ে যায়! কিন্তু ১ সেট বই ও ঠিকভাবে পড়া হয় না। মনে রাখতে হবে প্রিলিমিনারি পরীক্ষা শুধু টিকার পরীক্ষা। এই পরীক্ষার নম্বর প্রিলি পাশ করা ছাড়া আর কোন কাজে লাগে না। তাই খুব বেশি বই না পড়লেও চলবে।

আজকের আটকৈলে বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার একটি পূর্ণাঙ্গ বই তালিকা নিয়ে আলোচনা করছি।

প্রথমেই প্রিলির সিলেবাস দেখে নিই।

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত বিষয় আর মানবন্টনঃ

বিসিএস প্রিলিমিনারি সিলেবাস ও মানবন্টন	
১। বাংলা ভাষা ও সাহিত্য -	৩৫
২। English Language and Literature -	৩৫
৩। বাংলাদেশ বিষয়াবলি -	৩০
৪। আন্তর্জাতিক বিষয়াবলি -	৩০
৫। সাধারণ বিজ্ঞান -	১৫
৬। কম্পিউটার ও তথ্য প্রযুক্তি -	১৫
৭। গাণিতিক যুক্তি -	১৫
৮। মানসিক দক্ষতা -	১৫
৯। নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন -	১০
১০। ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা -	১০

প্রতিটি বিষয়ের শতাভাগ প্রস্তুতি নিতে যেসব বই পড়লে ভাল হবে তার একটি বুকলিস্ট দিচ্ছি।

উল্লেখ্য, প্রথম সারির প্রকাশনী গুলো, যেমনঃ প্রফেসরস, জর্জ, এমপিথ্রি, ওরাকল এগুলোর সকল বই ই ভালো। যেকোন একসেট বই কিনে প্রস্তুতি শুরু করা সম্ভব।

তবে প্রতিটি বিষয়ে যে বইগুলো থেকে বিগত বিসিএস পরীক্ষায় সর্বাধিক কমন এসেছে তার ভিত্তিতে আমরা [“হ্যালো বিসিএস”](#) টিম একটি বুকলিস্ট বানিয়েছি।

বিসিএস প্রিলিমিনারি বুক লিস্ট:

- ১) [বাংলা ভাষা ও সাহিত্য](#)
- ২) [English Language & Literature](#)
- ৩) [গাণিতিক যুক্তি](#)
- ৪) [মানসিক দক্ষতা](#)
- ৫) [সাধারণ বিজ্ঞান](#)
- ৬) [কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি](#)
- ৭) [বাংলাদেশ বিষয়াবলি, আন্তর্জাতিক বিষয়াবলি এবং নৈতিকতা, মূল্যবোধ, সুশাসন](#)
- ৮) [ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা](#)

বাংলা ভাষা ও সাহিত্য

বাংলা ভাষার জন্য বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১। নবম দশম শ্রেণির বাংলা ব্যাকরণ বই। বইটি থেকে বিগত বিসিএস পরীক্ষায় হুবহু কমন এসেছে। এই বইয়ের নিয়মগুলো অনুশীলন করলে এবং উদাহরণগুলো খাতায় লিখে প্র্যাকটিস করলে ব্যাকরণ নিয়ে কোন সমস্যা থাকবে না।

২। ভাষা ও শিক্ষা, লিখেছেন হায়াৎ মামুদ। এই বই যে এইচএসসি বিভিন্ন সালের সকল বোর্ড প্রশ্ন দেয়া আছে। এগুলো অনুশীলন করলে বাংলা ভাষা অংশে পুরো নাম্বার তুলা সম্ভব।

বাংলা সাহিত্যের জন্য বিসিএস বই তালিকা:

১। প্রথমেই হুমায়ূন আজাদের “লাল নীল দীপাবলি” বইটি পড়ে ফেলতে হবে। বইটিতে বাংলা সাহিত্য নিয়ে বিস্তৃত আলোচনা করা হয়েছে।

২। অনুশীলনের জন্য অগ্রদূত প্রকাশনীর বাংলা বইটি চমৎকার। বইটিতে সাহিত্য নিয়ে টপিক ভিত্তিক আলোচনা করা হয়েছে। সব তথ্য গুছিয়ে দেয়া আছে।

English Language & Literature

ইংরেজি ভাষার জন্য প্রিলিমিনারি বই তালিকা:

১। Master পাবলিকেশন্স এর একটি বই আছে। বইটিতে গ্রামারের সকল টপিক সহজভাবে আলোচনা করা হয়েছে। পাশাপাশি অনুশীলনের জন্য অনেক প্রশ্ন ও দেয়া আছে।

২। Wren & Martin এর High English Grammar, Cliffs Toefl বইগুলোর গ্রামার অংশের উদাহরণ গুলো খুবই জরুরী। এগুলো থেকে সরাসরি ৪১ তম বিসিএসে কমন এসেছে।

ইংরেজি সাহিত্যের জন্য বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) A gateway to English Literature. শামীম আহমেদ স্যারের এই বইটিতে খুব সুন্দরভাবে সাহিত্যের অংশ ছক আকারে উপস্থাপন করা আছে। পড়তে ভালো লাগবে। ছক আকারে পড়লে পড়া মনে থাকে বেশি।

২) A handbook on English Literature. এই বইটিও ভালো। প্রার্থীরা যেকোন একটি কিনতে পারেন।

গাণিতিক যুক্তি

গণিত বিষয়ে অনেকেরই দুর্বলতা থাকে। গণিত চর্চার বিষয়। ৩ মাসে গণিতে দক্ষ হওয়া যায়না যদি না বেসিক ভালো থাকে। যারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে গণিতে ভালো করে পড়শুনা করেন, তাদের কাছে বিসিএস এর গণিত কিছুই না। একেবারে ডালভাত।

গাণিতিক যুক্তির জন্য বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) ৯ম-১০ম শ্রেণির পাঠ্য বই থেকে সিলেবাস অনুযায়ী টপিক গুলো করে ফেলতে হবে।

২) Khairuls Basic Math বইটি ভালোভাবে শেষ করলে বিসিএস এর জন্য আর কিছু লাগবে না। এই বইটিতে শর্টকাট টেকনিক ও দেয়া আছে। সেগুলো ভালোভাবে করতে পারলে কম সময়ে অংক করে ফেলতে পারবেন।

মানসিক দক্ষতা

এই বিষয়টা অনেক মজার। এই অংশের সিলেবাস খুব একটা বড় না। সহজেই নিয়মিত পড়তে পারলে ভাল একটা নম্বর কাভার করা যায়।

মানসিক দক্ষতার জন্য বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) “জর্জমেন্টালস এবিলিটি” নামে একটি বই আছে। বইটি বেশ পুরনো। প্রার্থীদের খুবই পছন্দসই একটি বই। বইটিতে যত ধরনের প্রশ্ন হওয়া সম্ভব, সবগুলো দেয়া আছে।

২) “খাইরুলস মেন্টাল এবিলিটি” নামে আরেকটি বই আছে। এই বইটি ও ভালো। প্রার্থীরা যেকোন একটি কিনে নিতে পারেন।

সাধারণ বিজ্ঞান

বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য এই বিষয়ে মার্কস পাওয়া অনেক সোজা। একেবারে বেসিক টপিক থেকে প্রশ্ন করা হয়।

বিজ্ঞানের জন্য বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) নবম-দশম শ্রেণির পাঠ্য বই।

২) ওরাকল বিজ্ঞান। এই গাইডে বিস্তারিত আলোচনা আছে।

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি

এই বিষয়টাও বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য প্লাস পয়েন্ট।

আইসিটি বিষয়ের জন্য বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) একাদশ শ্রেণির পাঠ্য বইয়ে বিসিএস এর সিলেবাসের সব টপিকই আছে। যেকোন ২ টি বই কিনে পড়লেই চলবে।

২) অনুশীলনের জন্য আইসিটি ভিউ অথবা ইজি পাবলিকেশিন্স এর বই পড়া যেতে পারে।

বাংলাদেশ বিষয়াবলি, আন্তর্জাতিক বিষয়াবলি এবং নৈতিকতা, মূল্যবোধ, সুশাসন

এই ৩টি বিষয়ের মধ্যে অনেক মিল আছে। এগুলোতে সব মিলিয়ে ৭০ নম্বর। এই বিষয় গুলোতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বইগুলো থেকে পড়ে নেয়া জরুরী।

বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) নবম দশম শ্রেণির বই, একাদশ ও দ্বাদশ শ্রেণির বই থেকে সিলেবাসের টপিক ধরে ধরে কয়েক বার পড়তে হবে। তারপরে প্রয়োজনীয় তথ্য নোট করে খাতায় লিখে রাখলে ভাল। পরবর্তীতে সেগুলোই বার বার পড়া যাবে।

২) এই ৩টি বিষয়ের জন্য Basic View বইটি সংগ্রহ করতে পারেন। বইটিতে সব তথ্য দেয়া আছে। তবে এই বইটি খুবই বড়। তাই পড়তে অনেকেরই ভালো লাগে না। যদি বিশাল তথ্যগুলো পড়তে না পারেন তাহলে আলাদাভাবে অন্যান্য প্রকাশনীর বই কিনতে পারেন।

৩) এছাড়া বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলির জন্য MP3 পাবলিকেশন্স এর বইগুলো বেশ ভালো। যেকোন একটি কিনে পড়া শুরু করুন।

ভূগোল, পরিবেশ ও দূর্যোগ ব্যবস্থাপনা

এই বিষয়গুলো ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বইগুলোতে আছে।

বিসিএস প্রিলিমিনারি বই তালিকা:

১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের পাঠ্য বই থেকে সিলেবাস অনুযায়ী টপিক।

২) অনুশীলনের জন্য এসিউরেন্স প্রকাশনীর বইটা বেশ ভালো।

এছাড়াও আরিফুর রহমান খান স্যারের সংবিধান বইটা পড়লে উপকার মিলবে। সংবিধান থেকে বরাবরই কিছু প্রশ্ন আসে। এর পাশাপাশি প্রতিদিন ২ টি পত্রিকার জাতীয় ও মতামত অংশ পড়া জরুরী। সম সাময়িক সকল তথ্য জানা হয়ে যাবে।

প্রফেসরস কিংবা ওরাকলের “জব সল্যুশন” বইটা কিনে ফেলতে পারেন। বইটা বেশ বড়। বাংলাদেশের সকল চাকরির পরীক্ষার প্রশ্ন ও সমাধান দেয়া আছে। প্রতিদিন অল্প করে পড়লে শেষ করা যাবে। এই বই শেষ করতে পারলে পরীক্ষায় কি রকমের প্রশ্ন আসে সে সম্পর্কে একটা ধারণা পাওয়া যাবে।

একজন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে এইসব বইয়ের তালিকা সম্পর্কে জেনে [বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রস্তুতি](#) নিতে হয়। বিসিএস নিয়ে আরো বিস্তারিত জানতে চাইলে আমাদের সাথে ফেসবুক পেজ [Hello BCS](#) এ যোগাযোগ করতে পারবেন।